দৈনিক ইনকিলাব

তারিখ MAY 9 1999
পৃষ্ঠা ৭ কলাম ৪

132

## প্রাথমিক শিক্ষা অধিদফতরের প্রতি

প্রাথমিক বিদ্যালয়ে যারা শিক্ষার্থী তাদের উপর যে অমানুষিক নির্যাতন চলছে তাদের কথা সরকার একবারও কি ভেবেছেন? যারা ৫ম শ্রেণীর শিক্ষার্থী বড়জোর তাদের বয়স ১২ বছর। সরকার প্রাথমিক বিদ্যালয়গুলোতে নিয়মিত সময় ধার্য করে দিয়েছেন সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত। শহরাঞ্চলে ২ ভাগ করে ক্লাস নেয়া হয় এবং যারা এখানকার শিক্ষার্থী তাদের দুপুরের নাশতার ব্যবস্থা করার মত অবস্থা অভিভাবকদের আছে, কিন্তু গ্রামাঞ্চলে? যেখানে অভিভাবকরা দু'বেলা দু'মুঠো অন্নের সংস্থান করতে হিমশিম খাচ্ছে সেখানে নাশতা! বিকাল ৪টার সময় যখন বিদ্যালয়গুলো ছুটি হয় তখন ছোট ছোট শিশুদের মুখের দিকে তাকালে একবারও মনে হয় না যে, তারা বিদ্যালয়ে শিক্ষা গ্রহণ করুক। এখানে অর্থাৎ প্রাথমিক বিদ্যালয়গুলোতে Morning-এর ব্যবস্থাও সরকার গ্রীষ্মকালের জন্য রাখেননি। এটা কি অমানবিক কাজ নয়? আমি একজন সম্মান শেষ বর্ষের ছাত্র হয়ে মাননীয়া প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রতি আবেদন জানাচ্ছি, এ সময়সূচী পরিবর্তন করে (বিশেষ করে গ্রামাঞ্চলের জন্য হলেও) নতুন সময়সূচী প্রবর্তন করে গ্রামাঞ্চলের অসহায় শিক্ষার্থীদের শারীরিক কষ্টের হাত থেকে রেহাই দিয়ে স্বতঃস্ফূর্তভাবে পড়ালেখার সুযোগ দিন।

—আলফ্রেড, রামগঞ্জ, যশোর।